



🏠 মূল পাতা 📧 ঘোষণাযোগ 📞 লগ-ইন করুন 👤 নিবন্ধিত হোন

ঢাকা, সোমবার, ১০ মার্চ ২০০৮, ২৭ ফাল্গুন ১৪১৪, ১ রবিউল আওয়াল ১৪২৯  
বর্ষ ১০, সংখ্যা ১২৪, আপডেট: বাংলাদেশ রাত ৩টা ১৫ মিনিট

এ সংখ্যায় থাকছে

- ▶ প্রথম পাতা
- ▶ শেষ পাতা
- ▶ সম্পাদকীয়/উপসম্পাদকীয়
- ▶ খোলা কলম
- ▶ সারা দেশ
- ▶ বিশাল বাংলা
- ▶ সারা বিশ্ব
- ▶ খেলাধুলা
- ▶ বিনোদন
- ▶ পড়াশোনা
- ▶ কম্পিউটার প্রতিদিন
- ▶ চিঠিপত্র
- ▶ অর্থ ও বাণিজ্য

🗨️ ফিচার পাতা

- ▶ রস+আলো
- ▶ লাভ ক্ষতি

## সারা দেশ

➕ সংবাদ শিরোনাম

◀ আগের সংবাদ

▶ পরের সংবাদ

### কক্সবাজারে মতবিনিময়ে বক্তারা মানবাধিকারের বিষয়ে পুলিশকে আরও সচেতন হতে হবে

নিজস্ব প্রতিবেদক, কক্সবাজার

নিরপরাধ মানুষকে গ্রেপ্তার করার বিষয়ে পুলিশকে আরও সতর্ক হতে হবে। মানবাধিকারের বিষয়টি তাদের মাথায় রাখতে হবে। একই সঙ্গে পুলিশের নৈতিক চরিত্র থাকতে হবে। তবে পুলিশের নানাবিধ সুবিধাও বাড়াতে হবে।

পুলিশ অধ্যাদেশ ২০০৭-এর প্রস্তাবিত খসড়া আইন নিয়ে কক্সবাজারের সুধীজন ও কমিউনিটি পুলিশের সঙ্গে মতবিনিময় সভায় বক্তারা এসব কথা বলেছেন। কক্সবাজার জেলা পরিষদ মিলনায়তনে গতকাল রোববার এ সভা হয়।

কক্সবাজারের পুলিশ সুপার বনজ কুমার মজুমদারের সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি ছিলেন পুলিশের চট্টগ্রাম রেঞ্জের উপ-মহাপরিদর্শক এ কে এম শহিদুল হক। সরকারি কর্মকর্তা, ম্যাজিস্ট্রেট, সাংবাদিক, রাজনীতিক, শিক্ষক, ব্যবসায়ী, নারী প্রতিনিধিসহ সমাজের বিভিন্ন শ্রেণী-পেশার শতাধিক মানুষ এতে অংশ নেন।

এ কে এম শহিদুল হক বলেন, 'দেশের মানুষ পুলিশকে ভালো চোখে দেখে না। বেশির ভাগ মানুষই পুলিশকে ভয় পায়। আমরা এ অবস্থা থেকে বেরিয়ে আসতে চাইছি। 'জনগণের পুলিশ এবং পুলিশ জনবান্ধব' এটা বাস্তবে রূপ দেওয়ার জন্যই খসড়া পুলিশ অধ্যাদেশ ২০০৭ জারি করা হয়েছে।'

কক্সবাজারের প্রবীণ সাংবাদিক তোফায়েল আহমদ বলেন, 'ক্রসফায়ার একটি অমানবিক প্রথা। এটা বন্ধে পুলিশের আইনে কিছু লেখা দরকার।

জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি সিরাজুল মোস্তফা বলেন, সিআরপিসির ৫৪ ধারার অপব্যবহার থেকে পুলিশকে বিরত রাখতে ব্যবস্থা নেওয়া দরকার।

রামু ডিগ্রি কলেজের প্রভাষিকা শারমিনা রেশমিন বলেন, 'সমাজের ভালো মানুষের প্রতি কোনো রকম খারাপ ব্যবহার যেন পুলিশ করতে না পারে, নতুন পুলিশি আইনে সে বিষয়টি খেয়াল রাখা প্রয়োজন।

- ⊗ আরো যা আছে
- ⊗ সকল ফিচার পাতা
- ⊗ পুরনো সংখ্যা
- ⊗ আমাদের কথা
- ⊗ বাংলা না এলে

মতবিনিময় সভায় অংশগ্রহণকারীরা মনে করেন, নতুন প্রস্তাবিত আইনে পুলিশকে দক্ষ করে তোলা ও জবাবদিহিতার বিভিন্ন কার্যক্রম রয়েছে। আওয়ামী লীগের প্রবীণ নেতা নজরুল ইসলাম চৌধুরী, জেলা জামায়াতে ইসলামীর আমির মুহম্মদ শাহজাহানসহ আরও অনেকে খসড়া পুলিশ আইনের প্রতি তাঁদের সমর্থনের কথা তুলে ধরেন।

[+ সংবাদ শিরোনাম](#)
[🖨️ প্রিন্ট করুন](#)
[? বাংলা না এলে](#)

এ পর্যন্ত পড়েছেন

২০৯৩৪৭

জন পাঠক



Buy Products  
from Bangladesh

Visit  
BANGLADESH

[Home](#) | [About Us](#) | [Feedback](#) | [Contact](#)

**Editor : Matiur Rahman, Published by : Mahfuz Anam, 52 Motijheel C/A , Dhaka-1000.**

News, Editorial and Commercial Office: CA Bhaban, 100 Kazi Nazrul Islam Avenue, Karwan Bazar, Dhaka-1215.

Phone: (PABX) 8802-8110081, 8802-8115307-10, Fax: 8802-9130496, E-mail : info@prothom-alo.com

Best viewed at 1024 x 768 pixels and IE 5.5 & 6

Copyright 2005, All rights reserved by **Prothom-Alo.com**

[Privacy Policy](#) | [Terms & Conditions](#)